

সংবাদ

অ্যাডমিশন

ডাক্তারি পড়তে ফিলিপিন্সে

নাম না থাকুক জয়েন্টের মেধাতালিকায়। থাকতে হবে উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখায় কমপক্ষে ৫০ শতাংশ নম্বর। তাহলেই পড়া যাবে এমবিবিএস। যেতে হবে ফিলিপিন্সে। পাঠক্রমের মেয়াদ সাড়ে ৪ বছর। মেয়াদ শেষে ১ বছরের ইন্টার্নশিপ।

খরচ ৮ লক্ষ টাকা থেকে ৯ লক্ষ ২০ হাজারের মধ্যে। ডাক্তারি পড়া যাবে ফিলিপিন্সের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে। ব্যবস্থাপনায় এইচ সি এম আই অর্থাৎ হেলথকেয়ার ম্যানেজমেন্ট ইন্টারন্যাশনাল। সংস্থার নির্দেশক বলজিৎ সিং

আরও জানিয়েছেন, এইচ সি এম আই এ বছর থেকে ভারতীয় শিক্ষার্থীদের ফিলিপিন্সে ডাক্তারি পড়ার সুযোগ দিচ্ছে। তাই প্রথম বছরে কোনো পরীক্ষা নয়, আগামী বছর থেকে জাতীয় স্তরে পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করা হবে।

আগ্রহীরা যোগাযোগ করবেন কলকাতার শাখা কেন্দ্রে—
সি ডি ১৬, চতুর্থ তল, সল্টলেক,
সেক্টর-১, কলকাতা-৬৪,
ফোন : (০৩৩) ৪০০৪৭৯৭৫-
৭৯৭৭। ওয়েবসাইট : www.hcmieducation.com